রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১৪, ২০১০

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৪ই জুলাই, ২০১০/৩০শে আষাঢ়, ১৪১৭

নিম্নলিখিত বিলটি ১৪ই জুলাই, ২০১০ (৩০শে আষাঢ়, ১৪১৭) তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে ঃ—

বা.জা.স. বিল নং ৪২/২০১০

Bangladesh Rifles Order, 1972 (President's Order No. 148 of 1972) এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল।

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Bangladesh Rifles Order, 1972 (President's Order No. 148 of 1972) এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন Bangladesh Rifles (Amendment) Act, 2010 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **President's Order No. 148 of 1972 এর Article-2 এর সংশোধন।**— Bangladesh Rifles Order, 1972 (President's Order No. 148 of 1972), অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এর Article-2(1) এর Clause (j) এর পরিবর্তে নিম্নরূপ Clause (j) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(j) "Special Court" means a Court constituted under Article 10AA;"

মূল্য ঃ টাকা ২.০০

৩। **President's Order No. 148 of 1972 এ নূতন Article 10AA এর সন্নিবেশন।**—উক্ত Order এর Article 10A এর পর নিম্নরূপ নূতন Article 10AA সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"10AA.(1) Director-General may, by an order constitute a Special Court consisting of not less than two superior officers and he may preside over it or the said Court may be presided over by a superior officer not below the rank of Director.

(2) Director-General may, by an order reconstitute any of the existing Special Courts, consisting of not less than two superior officers and the reconstituted Court may be presided over by a superior officer not below the rank of Director.

(3) Special Court as mentioned in clause (1) and (2) shall be assisted by the Attorney General or his representative.

(4) A Special Court constituted or reconstituted after the commencement of the Bangladesh Rifles Order (Amendment) Act, 2010, unless it requires for ensuring justice, shall not recall or re-hear any witness whose evidence has already been recorded, or re-open proceedings already held, but may act on the evidence already produced or recorded and continue the trial from the stage which the case has reached.

উদ্দেশ্য ও কারণ-সম্বলিত বিবৃতি

গত ২৫-২৬ ফেব্রুয়ারি ২০০৯ তারিখে সংঘটিত বিডিআর বিদ্রোহের বিচার Bangladesh Rifles Order, 1972 (P.O No. 148 of 1972) অনুসারে গত ২৪ নভেম্বর ২০০৯ তারিখ থেকে দেশের বিভিন্ন স্থানে ৬টি স্পেশাল কোর্টে শুরু করা হয়েছে। ইতোমধ্যে পিলখানাসহ দেশের বিভিন্ন বিডিআর স্থাপনায় ১৬টি মামলা বিচারের জন্য গ্রহণ করা হয়েছে এবং ৫টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। বর্ণিত আইনের আর্টিক্যাল ২(১)(জে) অনুযায়ী মহাপরিচালককে প্রত্যেক আদালতে বিচারকের দায়িত্ব পালন করতে হচ্ছে। অবশিষ্ট ১১ টি মামলা ছাড়াও আরো ৪৭টি মামলা তাকে নিষ্পত্তি করতে হবে। যার ফলে মামলা নিষ্পত্তিতে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হবে। মামলা পরিচালনায় জড়িত প্রসিকিউটর ও সেক্টর সদরের স্টাফ, ইউনিটের অধিনায়ক, বাদী ইত্যাদি জনবলকে বদলী ও অবসরজনিত কারণ ছাড়াও দীর্ঘ সময়ের জন্য মামলায় সবক্ষেত্রে উপস্থিতি নিশ্চিত করা প্রায় অসম্ভব হয়ে পড়বে। দীর্ঘ দিন ধরে বর্ণিত বিচার কার্যক্রম চলতে থাকলে মহাপরিচালকের পক্ষে যেমন

বিডিআর এর অন্যান্য কার্যক্রম পরিচালনা করা দুরূহ হবে অপরপক্ষে ইউনিট সমূহও স্বাভাবিক কর্মকান্ডে ফিরে আসতে পারবে না। এছাড়া অভিযুক্তের সংখ্যা বেশী হওয়ায় ও আটককৃত বিডিআর সদস্যদের বিচার দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে বিদ্রোহের বিচার ত্বরান্বিত করা অপরিহার্য হয়ে পড়েছে। বিডিআর বিদ্রোহের বিচার দ্রুত নিষ্পত্তি ও ন্যায় বিচার নিশ্চিতকরণের স্বার্থে বিদ্যমান আইনের Article-2(1)(j) সংশোধন করার প্রয়োজন দেখা দেয়।

প্রয়োজনীয় সংশোধনী আনয়নের নিমিত্ত Bangladesh Rifles Order (Amendment) Act, 2010-এর খসড়া বিল ২১-৬-২০১০ তারিখে মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপন করা হলে মন্ত্রিসভা লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং গ্রহণ সাপেক্ষে নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দেয়। মন্ত্রিসভার নির্দেশনামতে বিলটিতে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ ভেটিং করেছে। Bangladesh Rifles Order, 1972 (P.O No.148 of 1972) এর Article-2(1) এর clause(j) প্রতিস্থাপন এবং Article-10A এর পর নতুন Article-10AA সংযোজন করে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ ভেটিং করে দিয়েছে।

উক্তরূপ কারণে, Bangladesh Rifles Order, 1972 (P.O No.148 of 1972) এর Article-2(1) এর clause(j) প্রতিস্থাপন এবং Article-10A এর পর নতুন Article-10AA সংযোজনের উদ্দেশ্যে "Bangladesh Rifles Order (Amendment) Act, 2010" বিল আকারে মহান জাতীয় সংসদে উপস্থাপন করা হলো।

এ্যাডভোকেট সাহারা খাতুন
ভারপ্রাপ্ত মন্ত্রী।

আশফাক হামিদ
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd